instanio prepare .in

• WBSSC • WBMSC • UGC-NET & SET •
• PSC • Tripura SSC • MA Entrance •

SCHOOL SERVICE COMMISSION RECRUITEMENT

OxiZone® Books


NEW

# দর্শন Gateway

Chapterwise

**Reveal Theory with MCQ**

রাকেশ সরকার



# সূচিপত্র

## Group – A ভারতীয় দর্শন 01 - 110


| | | |
|---|---|---|
| Chapter- A.1 | ভারতীয় দর্শনের মৌলিক বৈশিষ্ট্য | 01 - 08 |
| Chapter- A.2 | চার্বাক দর্শন | 09 - 17 |
| Chapter- A.3 | জৈন দর্শন | 18 - 27 |
| Chapter- A.4 | বৌদ্ধ দর্শন | 28 - 40 |
| Chapter- A.5 | ন্যায়-বৈশেষিক দর্শন | 41 - 75 |
| Chapter- A.6 | সাংখ্য এবং যোগা | 76 - 87 |
| Chapter- A.7 | মীমাংসা দর্শন | 88 - 94 |
| Chapter- A.8 | বেদান্ত দর্শন (শঙ্কর ও রামানুজ) | 95 - 104 |
| | MOCK TEST ❶ | 105 - 107 |
| | MOCK TEST ❷ | 108 - 110 |


## Group – B নীতিবিদ্যা 111 - 152


| | | |
|---|---|---|
| Chapter – B.1 | নীতিবিদ্যা | 111 - 123 |
| Chapter – B.2 | সুখবাদ | 124 - 135 |
| Chapter – B.3 | কর্তব্যমুখী নৈতিক মতবাদ | 136 - 140 |
| Chapter – B.4 | ব্যাবহারিক নীতিবিদ্যা | 141 - 145 |
| | MOCK TEST ❶ | 146 - 148 |
| | MOCK TEST ❷ | 149 - 152 |


## Group – C পাশ্চাত্য দর্শন 153 - 240


| | | |
|---|---|---|
| Chapter– C.1 | পাশ্চাত্য দর্শনের ইতিহাস | 153 - 154 |
| Chapter– C.2 | প্লেটো | 155 - 160 |
| Chapter– C.3 | অ্যারিস্টটল | 161 - 166 |
| Chapter– C.4 | রেনে দেকার্ত | 167 - 175 |
| Chapter– C.5 | স্পিনোজা | 176 - 183 |
| Chapter– C.6 | লাইবনিজ | 184 - 192 |
| Chapter– C.7 | জন লক | 193 - 204 |
| Chapter– C.8 | বার্কলে | 205 - 214 |
| Chapter– C.9 | ডেভিড হিউম | 215 - 224 |
| Chapter– C.10 | কান্ট | 225 - 234 |
| | MOCK TEST ❶ | 235 - 237 |
| | MOCK TEST ❷ | 238 - 240 |

## Group – D মনোবিজ্ঞান 241 - 302

| | | |
|---|---|---|
| Chapter- D.1 | মনোবিজ্ঞানের পদ্ধতি | 241 - 245 |
| Chapter- D.2 | সংবেদন | 246 - 252 |
| Chapter- D.3 | প্রত্যক্ষ | 253 - 257 |
| Chapter- D.4 | স্মৃতি | 258 - 263 |
| Chapter- D.5 | মনোযোগ | 264 - 270 |
| Chapter- D.6 | শিখন | 271 - 277 |
| Chapter- D.7 | সহজাত প্রবৃত্তি | 278 - 281 |
| Chapter- D.8 | চেতনা | 282 - 288 |
| Chapter- D.9 | বুদ্ধি | 289 - 296 |
| | MOCK TEST ❶ | 297 - 299 |
| | MOCK TEST ❷ | 300 - 302 |

## Group – E সামাজিক এবং রাজনৈতিক দর্শন 303 - 344


| | | |
|---|---|---|
| Chapter – E.1 | মৌলিক প্রত্যয় | 303 - 312 |
| Chapter – E.2 | সামাজিক শ্রেণি ও জাতি | 313 - 317 |
| Chapter – E.3 | সামাজিক পরিবর্তন | 318 - 321 |
| Chapter – E.4 | রাষ্ট্রদর্শন | 322 - 331 |
| Chapter – E.5 | গান্ধীজী | 332 - 337 |
| | MOCK TEST ❶ | 338 - 341 |
| | MOCK TEST ❷ | 341 - 344 |

## Group – F যুক্তিবিদ্যা 345 - 474

| | | |
|---|---|---|
| Chapter– F.1 | যুক্তিবিদ্যা | 345 - 359 |
| Chapter– F.2 | অমাধ্যম অনুমান | 360 - 373 |
| Chapter– F.3 | নিরপেক্ষ ন্যায় | 374 - 384 |
| Chapter– F.4 | নিরপেক্ষ বচনের বুলীয় ভাষ্য | 385 - 402 |
| Chapter– F.5 | সত্যাপেক্ষক | 403 - 426 |
| Chapter– F.6 | পরিমাণক তত্ত্ব | 427 - 439 |
| Chapter– F.7 | উপমা যুক্তি ও সম্ভাব্য অনুমান | 440 - 448 |
| Chapter– F.8 | কারণ ও শর্ত এবং মিলের পরীক্ষামূলক পদ্ধতি | 449 - 463 |
| Chapter– F.9 | প্রকল্প | 464 - 468 |
| | MOCK TEST ❶ | 469 - 471 |
| | MOCK TEST ❷ | 471 - 474 |

## Group – F Model Practice Set [5 sets] 475 - 504



Chapter A.1

# ভারতীয় দর্শনের মৌলিক বৈশিষ্ট্য

# General Features of Indian Philosophy



**Topic Contents :**

ভারতীয় দর্শনের মৌলিক বৈশিষ্ট্য (General Features of Indian Philosophy)

## একনজরে ভারতীয় দর্শনের সাধারণ বৈশিষ্ট্যসমূহ

**'দৃশ্যতে যথার্থতত্ত্বমনেন ইতি দর্শনম্'** অর্থাৎ যে শাস্ত্রের সহায়তায় যথার্থ জ্ঞান বা তত্ত্বজ্ঞান লাভ করা যায়, তাই হল **দর্শনশাস্ত্র**। ভারতভূমিতে মোট নয়খানি দর্শনের উদ্ভব ঘটেছে—চার্বাক, বৌদ্ধ, জৈন, ন্যায়, বৈশেষিক, সাংখ্য, যোগ, মীমাংসা ও বেদান্ত দর্শন। এই দর্শনগুলি ভারতীয় ধ্যানধারণার ধারক ও বাহক। বিশাল মহিরুহের ন্যায় ভারতীয় দর্শন বিভিন্ন শাখাপ্রশাখায় সম্প্রসারিত হলেও এইসব শাখাগুলির মধ্যে একটি ঐকতান লক্ষ করা যায়।

ভারতীয় দর্শনগুলির মধ্যে অনেকগুলি সমসাময়িক, আরো একটি বিশেষ লক্ষ্যণীয় বিষয় এই যে, একটির উদ্ভবে অপরটির বিনাশ ঘটেনি। কারণ এদের মধ্যে গুরুত্বপূর্ণ একাধিক বিষয়ে মিল-ই বেশি রয়েছে। উল্লেখ্য যে, ভারতীয় চিন্তাধারায় চার্বাক এক বিশেষ ব্যতিক্রম। ভারতীয় দর্শনের মূল সুরটি চার্বাক দর্শনে প্রতিফলিত হয়নি। চার্বাক দর্শনকে বাদ দিয়ে অবশিষ্ট আটটি দর্শনের মধ্যে প্রচুর মিল পাওয়া যায়। এই মিলগুলি হল ভারতীয় দর্শনের সাধারণ বৈশিষ্ট্য।

### [1] ভারতীয় দর্শনের দৃষ্টিভঙ্গি থেকে দর্শন :

**দৃশ্ + অনট্ = দর্শন**। দৃশ্ ধাতুর উত্তর অনট্ প্রত্যয় যোগে 'দর্শন' শব্দের উৎপত্তি। 'দৃশ্' ধাতুর অর্থ দেখা, কিন্তু যে-কোনো দেখাই দর্শন নয়। ভারতীয় দর্শনের দৃষ্টিভঙ্গি থেকে দর্শন হল আত্মদর্শন বা তত্ত্বদর্শন। দর্শন হল সত্যের সাক্ষাৎ উপলব্ধি। আধ্যাত্মিক দৃষ্টিভঙ্গির দ্বারা তত্ত্বের উপলব্ধিই ভারতীয় দর্শনের প্রধান উপজীব্য।

### [2] তত্ত্ব ও ব্যবহার :

ভারতীয় দর্শনের সকল শাখাই তাত্ত্বিক ও ব্যাবহারিক উভয় দিকের প্রতি সমান গুরুত্ব দেয়, ভারতীয় দার্শনিক যখন বলেন—'প্রমাণ' হল ব্যবহার বিধির অন্যতম উপায়, তখন একে 'বিচারনিষ্ঠ দর্শন' বলতেই হয়। ভারতীয় দর্শন কেবল সত্যের অনুসন্ধান নয়, জীবনে সত্যেরও প্রতিষ্ঠা করে। দর্শন শুধু তত্ত্বচর্চা নয়, জীবনচর্চাও বটে, (যে তত্ত্বচর্চার সঙ্গে জীবনচর্চার যোগ নেই, ভারতীয় দর্শনে তা অসার রূপে পরিত্যক্ত হয়েছে)। তত্ত্বজ্ঞানের আলোকে জীবনকে সুন্দরতম ও কল্যাণময় করাই হচ্ছে ভারতীয় দর্শনের অভীষ্ট।

ভারতীয় দর্শনের গভীরে প্রবেশ করলে দেখা যায়, অধিবিদ্যা, জ্ঞানতত্ত্ব, যুক্তিবিদ্যা প্রভৃতিও সূক্ষ্মভাবে আলোচিত হয়েছে। ভারতীয় দর্শনে অধিবিদ্যা, মনোবিদ্যা, যুক্তিবিদ্যা প্রভৃতি পাশ্চাত্য দর্শনের মতো ভিন্ন ভিন্নভাবে আলোচিত হয়নি, তাদের একীভূত করা হয়েছে। কারণ তাদের মধ্যে গভীর যোগ আছে। পাশ্চাত্য দর্শনে জ্ঞানের জন্যই জ্ঞানচর্চা করা হয়, কিন্তু ভারতীয় দর্শনে জ্ঞানকে জীবনে প্রয়োগ করে জীবনকে জ্ঞানালোকে উদ্ভাসিত করা হয়।

### [3] দুঃখবাদী দর্শন নয় আশাবাদী দর্শন :

জীবন দুঃখময়—চার্বাক বাদে আর সবক-টি ভারতীয় দর্শনে এটি স্বীকৃত হয়েছে। 'গীতা'তে পার্থিব জগৎকে দুঃখের নিলয় বলে বর্ণনা করা হয়েছে। জীবজগতে দুঃখ-কষ্ট দেখে ভারতীয় ঋষিরা ব্যথিত হয়েছেন এবং